



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ



তারিখ: ১৭.০৩.২০২২ খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

নানা আয়োজনে বশেমুরবিপ্রবিত্তে জাতির পিতার ১০২তম জন্মবার্ষিকী উদযাপন

গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে শিশুদের সাংস্কৃতিক প্রতিযোগিতা, আলোচনা সভা, কেক কাটা, ক্যাম্পাসের প্রশাসনিক ভবন, রাস্তাসমূহ আলোকসজ্জা করা হয়।

১৭ মার্চ ২০২২ বিকাল ৫.০০ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গনে শিশুদের চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সন্ধ্যা ৬.৩০ টায় শহীদ মিনার প্রাঙ্গনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব শিশুদের নিয়ে কেক কাটেন।

সন্ধ্যা ৭.০০টায় অনলাইনে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান এবং সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব। আলোচনা সভা সঞ্চালনা করেন কৃষি বিভাগের সহকারী অধ্যাপক ড. গোলাম ফেরদৌস এবং পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক কাকলী খাতুন।

আলোচনা সভার প্রধান আলোচক অধ্যাপক ড. মোহাম্মদ ফায়েক উজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্ম ও জীবন নিয়ে বিশ্লেষণধর্মী বক্তব্য উপস্থাপন করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা রেখেছেন, তিনি দেশের প্রান্তিক মানুষের জন্য লড়েছেন এবং তাদের ঐক্যবদ্ধ করেছেন। তিনি বলেন, আমাদের মনে রাখতে হবে বঙ্গবন্ধুর নেতৃত্বেই আমাদের মুক্তিযুদ্ধ হয়েছে এবং দেশ স্বাধীন হয়েছে। তিনি আরও বলেন, আমাদের আলোচনা সার্থক হবে যদি আমরা ভালো মানুষ হতে পারি ও ভালো মানুষ সৃষ্টি করতে পারি।

আলোচনা সভার সভাপতি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব বলেন, বঙ্গবন্ধু সারা জীবন শোষিত মানুষের জন্য সংগ্রাম করেছেন। সাধারণ মানুষের জন্য বঙ্গবন্ধুর দোয়ার ছিল সব সময় খোলা। তিনি তরুণদের উদ্দেশ্যে বলেন, আজকের বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা যদি বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শন ধারণ করে তাহলে বাংলাদেশকে তারাই এগিয়ে নিয়ে যাবে।

আইন অনুষদের ডিন ও প্রক্টর ড. মোঃ রাজিউর রহমান বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আইনের শাসন ও মানবাধিকার প্রতিষ্ঠার জন্য আজীবন সংগ্রাম করেছেন।

রাত ৮.৩০ টায় শহীদ মিনার প্রাঙ্গনে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব শিশুদের চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

অনুষ্ঠানসমূহে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন।

এর আগে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উপলক্ষে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে যোগদান করেন।

মোঃ মাহবুবুল আলম

উপ-পরিচালক (জনসংযোগ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

মোবাইল নং: ০১৭১৬-১১৫৪১৫